মুজিবনগরে উপজেলা বিএনপি’র বিজয় মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল ও সমাবেশ করেছে উপজেলা বিএনপি।

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যলয় থেকে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

বাদ্যযন্ত্রের তালে নেচে গেয়ে শ্লোগানে শ্লোগানে ছাত্র-জনতার ঐতিহাসিক বিজয় উদযাপন করে উপজেলা বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকবৃন্দ। এ সময় আশে পাশের নারী পুরুষ সহ সাধারণ মানুষ রাস্তার পাশে ভিড় করে এই বিজয় মিছিল দেখতে। এ সময় তাদের চোখে মুখে ছিল আনন্দ ও তৃপ্তির হাঁসি ।

বিজয় মিছিলে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ও জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাজী মশিউর রহমান। উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাংগঠনিক হারুন-অর-রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সভাপতি রাইহান কবির, সাধারণ সম্পাদক আনিছুজ্জান টুটুল দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন। উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাইম আহনাফ লিংকন সহ মুজিবনগর উপজেলার প্রত্যেক ইউনিয়নের ওয়ার্ড বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক সহ উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল, ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী ও সমর্থকবৃন্দ।

বিজয় মিছিলে আগে উপজেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ও

মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলাম তার বক্তব্যে বলেন, মুজিবনগর উপজেলা বিএনপি আপনাদের নেতৃত্বে ঐক্যবদ্ধ আছে। আপনাদের বলতে চাই আগামী দিনে আরো পরীক্ষা আছে, আরো ষড়যন্ত্র আছে, সব ষড়যন্ত্র পরীক্ষা মোকাবেলা করে মুজিবনগর উপজেলা বিএনপি ঐক্যবদ্ধ থাকবে।

তিনি আরো বলেন, আমরা ইদানিং দেখছি যারা আমাদের কমিটিকে কোনদিন মানতে পারেনি যারা বলেছে আজ কমিটি ভাঙবো ঈদের পরে কমিটি ভাঙবো, কুরবানী ঈদের পরে কমিটি ভাঙবো। আমরা বলেছিলাম কেয়ামত পর্যন্ত এই কমিটি ভাঙার কোন সুযোগ নেই। আমরা বলছি এখনো সময় আছে আসেন ঐক্যবদ্ধ হয়ে বিএনপি করি, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি করি, বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি করি। শহীদ জিয়ার আদর্শে আদর্শিত হয়ে সবাই একসাথে দল করি। সবার আগে বাংলাদেশ। আগামী নির্বাচনে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী না করা পর্যন্ত এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত আমাদের সংগ্রাম চলবে।

দামুড়হুদায় বিএনপি’র উদ্যোগে ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় র্যালি

দামুড়হুদায় উপজেলা বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ সহযোগী অঙ্গসংগঠনের উদ্যোগে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় র্যালি ও সংক্ষিপ্ত আলোচন সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৫ টার সময় দামুড়হুদা ব্রীজ মোড় থেকে জাঁকজমকপূর্ণ ও উৎসবমূখর পরিবেশে প্রথমে বিজয় র্যালি বের হয় র্যালিটি উপজেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বাসস্ট্যান্ড হয়ে দামুড়হুদা চৌরাস্তা মোড়ে এসে শেষ হয়। পরবর্তীতে চৌরাস্তার মোড়ের অস্থায়ী মঞ্চে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে এসময় প্রধান বক্তা হিসাবে উপস্থিত থেকে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের ১ বছর পূর্তি উপলক্ষ্যে গণঅভ্যুত্থানের তাৎপর্য তুলে ধরে সংক্ষিপ্ত আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সিনিয়ার সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, সদস্য সচিব কে ডি সুলতানসহ দামুড়হুদা উপজেলা বিএনপিসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিএনপি’র গণমিছিল ও সমাবেশ

জুলাই-আগস্টের ঐতিহাসিক গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রামকে এগিয়ে নেওয়া এবং জনতার বিজয়কে নিশ্চিত করার লক্ষ্যে গণমিছিল ও সমাবেশ করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজার থেকে একটি মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মোনাখালী বাজারে গিয়ে শেষ হয়।

মিছিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।
এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা

যুবদলের সিনিয়র সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সুজন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানসহ বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে দারিয়াপুর বাজারে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুণ বলেন, “দেশে ষড়যন্ত্র চলছে, আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। আমাদের দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন। সবার আগে বাংলাদেশ। আগামী নির্বাচনে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী না করা পর্যন্ত এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত আমাদের সংগ্রাম চলবে।”

স্বৈরাচর পতন দিবস উপলক্ষে গাংনীতে আয়োজন হবে বিরাট জনসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

স্বৈরাচার পতন দিবস উপলক্ষে আগামী ৫ই আগস্ট গাংনীতে বিজয় র্যালী সফল করতে রবিবার বিকালে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলুর অফিস কক্ষে দলীয় নেতাকর্মীদের নিয়ে এই প্রস্তিতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতিমূলক সভায় মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান। প্রস্তুতিমূলক সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাসাসের গাংনী পৌর কমিটির সাধারণ সম্পাদক ও ২ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক সুলেরী আলভী, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসাইন, রায়পুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, মটমুড়া ইউনিয়ন নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী সালমান শেখ কালু, যুবদল নেতা সাহিবুল ইসলাম, গাংনী পৌর কৃষকদলের আহবায়ক আমিনুল ইসলামসহ বিএনপির অঙ্গ ও সহযোগি সংগঠনের

নেতাকর্মীরা।

৫ জুলাই পতিত স্বৈরাচার সরকারের পতন দিবস উপলক্ষে গাংনী উপজেলা ও পৌর বিএনপির আয়োজন করবে বিরাট র্যালি জনসভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এলক্ষে আজ থেকেই গাংনী উপজেলা ও পৌর বিএনপি ও সকল সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের প্রতি আহবান জানান আসাদুজ্জামান বাবলু ও মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান।

ঐতিহাসিক গণঅভ্যুত্থান উপলক্ষ্যে দামুড়হুদায় বিএনপির প্রস্তুতিসভা ও দোয়া

আগামী ৫ আগষ্ট ঐতিহাসিক গণঅভ্যুত্থান পালনের প্রস্তুতিসভা ও দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল রহিমের মৃত্যুতে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলার বিএনপির আয়াজনে গতকাল রবিবার বেলা ৪ টার দিকে দলীয় অস্থায়ী কার্যালয়ে এই প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুরা উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আনছার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল

আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা মহিলা দলের সভানেত্রী ছালমা জাহান পারুল, সদস্য সচিব বেবি খাতুন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, কৃষক দলের যুগ্ন-আহ্বায়ক মতিন, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, মৎস্যজীবি দলের আহ্বায়ক আব্দুল কাদের, সদস্য সচিব আমিরুল ইসলাম সহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের শতাধিক নেতাকর্মী।

শৈলকুপায় ইউনিয়ন পরিষদে তালা ঝুলিয়ে দেওয়ার অভিযোগে বিএনপি নেতাসহ আটক ৬

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ১২নং নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদে তালা ঝুলিয়ে সেবা কার্যক্রম বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতার বিরুদ্ধে। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক মহিদুল ইসলামসহ ৬ জনকে আটক করেছে আইনশৃঙ্খলা বাহিনী।

বৃহস্পতিবার (৩১জুলাই) দুপুরে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, ভিজিডি কর্মসূচির আওতায় চাল বিতরণের জন্য কার্ড প্রদানের তালিকায় নিত্যানন্দপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নেতা মহিদুল ইসলাম তার পছন্দের কিছু লোকের নাম অন্তর্ভুক্ত করতে বলেন। কিন্তু ইউনিয়ন পরিষদ থেকে সেই অনুযায়ী কার্ড না দেওয়ায় তিনি ক্ষিপ্ত হয়ে ২০-২৫ জন অনুসারীসহ পরিষদে হাজির হন।
এ সময় তিনি ইউনিয়ন সচিব হাফিজুর রহমানকে টেনে হিচড়ে পরিষদ থেকে তুলে নিয়ে যান। একই সঙ্গে পরিষদের ভেতরে থাকা সেবাপ্রত্যাশী ও কর্মচারীদের আটকে রেখে প্রধান ফটকে তালা লাগিয়ে দেন। সচিবকে তুলে নিয়ে শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে গেলে সেনাবাহিনী ওই বিএনপি নেতাসহ ৬ জনকে আটক করে। উদ্ধার করা হয় সচিব হাফিজুর রহমানকে।

এদিকে ঘটনার খবর পেয়ে উপজেলা প্রশাসন ও পুলিশ দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয়ে দুই ঘণ্টা পর তালা ভেঙে ভেতরে আটকে পড়াদের উদ্ধার করে।

শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, পরিষদের তালা দেওয়ার ঘটনায় ৬ জন আটক হয়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে। এব্যাপারে ঝিনাইদহ জেলা ইউনিয়ন পরিষদ সচিব এ্যাসোসিয়েশনের সভাপতি শেখ হাবিবুর রহমান ও সাধারণ সম্পাদক ছাব্দার আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ স্থানীয় সরকারের উপ পরিচালক রথিন্দ্রনাথ রায়ের সাথে স্বাক্ষাত করে এধরণের সন্ত্রাসী কর্মকান্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জোর দাবি জানান।

এ ব্যাপারে শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা শুভ্রা দাস বলেন, পরষদে তালা দিয়ে সচিবকে জোরপুর্বক তুলে নিয়ে তারা উপজেলায় আসে। আমি ঘটনা শোনার সাথে সাথে ব্যবস্থা নিয়েছি। সরকারি অফিসে তালা দেওয়ার অপরাধে আইনশৃঙ্খলা বাহিনী তাদের আটক করেছে।

মেহেরপুরে পৌর ও সদর উপজেলা বিএনপি’র মনোনয়নপত্র সংগ্রহ

আসন্ন মেহেরপুর পৌর ও সদর উপজেলা বিএনপি’র সম্মেলনকে কেন্দ্র করে দলীয় নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা গেছে। গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত জেলা বিএনপি’র কার্যালয়ে সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে মনোনয়নপত্র সংগ্রহ করেন প্রার্থীরা।

পৌর বিএনপি’র সভাপতি পদে মনোনয়নপত্র নিয়েছেন কাজী মিজান মেনন ও আব্দুল লতিফ। সাধারণ সম্পাদক পদের জন্য মনোনয়ন নিয়েছেন আনিসুর রহমান, অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, আজমল হোসেন মিন্টু, বক্তিয়ার হোসেন ও আব্দুর রহিম।

সাংগঠনিক সম্পাদক পদের মনোনয়ন নিয়েছেন মীর জাহাঙ্গীর হোসেন ও আবু ইউসুফ মিরন।

সদর উপজেলা বিএনপি’র সভাপতি পদে মনোনয়ন নিয়েছেন বাকা বিল্লাহ, লিয়াকত আলী ও ফয়েজ মোহাম্মদ। সাধারণ সম্পাদক পদের মনোনয়ন নিয়েছেন সাইদুল ইসলাম ও ওমর ফারুক লিটন। সাংগঠনিক সম্পাদক পদের জন্য মনোনয়ন নিয়েছেন এ এম এম ফিরোজ, আব্দুল হামিদ খান ও সোহরাব উদ্দিন।

দলীয় সূত্রে জানা গেছে, মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন আজ বৃহস্পতিবার। আগামী ৯ আগস্ট উভয় ইউনিটের সম্মেলন অনুষ্ঠিত হবে।

গাংনীতে বিএনপির সম্মেলন ঘিরে নেতাকর্মীদের মধ্যে প্রাণচাঞ্চল্য

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর বিএনপির কমিটি গঠণ নিয়ে চলছে চুলচেরা বিশ্লেষণ।

উপজেলা বিএনপির দুটি ইউনিটের কাউন্সিল উপলক্ষে ইতোমধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদক পদের প্রার্থীদের বিগত দিনের রাজনৈতিক কর্মকান্ড, প্রজ্ঞা, কর্মী বান্ধব ও ক্লিন ইমেজের প্রার্থীদের বাছ্ইায়ের চিন্তা করছে। সেক্ষেত্রে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও মাথায় নিচ্ছেন বলে জানান কাউন্সিলররা। এক্ষেত্রে কেন্দ্রের নির্দেশনাও মেনে কমিটির নেতৃত্বে এগিয়ে আনার কথা জানান তারা। একটি সূত্র বলেছে, যেসব রাজনৈতিক নেতাকর্মী বিগত পতিত সরকারের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম রাজপথে ছিল ও তাদের ক্লিন ইমেজ রয়েছে এমন প্রার্থীদের ক্ষেত্রে ইতিবাচক হিসেবে দেখছে।

তবে, ইতোমধ্যে গাংনী উপজেলা বিএনপির কমিটিতে জেলা বিএনপির সদস্য একাধিকবার রাইপুর ইউনিয়ন পরিষদের নির্বাচিত সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন কালু ও জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক বামন্দী ইউনিয়ন পরিষদের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান আব্দুল আওয়াল প্রাথমিকভাবে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তবে,

মেহেরপুরে জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে বিএনপির গণসংযোগ

“জনগণকে সঙ্গে রাখুন, জনগণের সঙ্গে থাকুন” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর পৌরসভার ২, ৩ ও ৪ নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে গণসংযোগ ও পথসভা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সন্ধ্যায় এই গণসংযোগে শহরের রাজপথে ব্যাপক জনসংখ্যা লক্ষ্য করা যায়।
মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে শহরের কাথুলী বাসস্ট্যান্ড থেকে মিছিল শুরু হয়। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়। মিছিল শেষে প্রেসক্লাব চত্বরে এক সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান বক্তা হিসেবে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, “ ১৬ বছর ধরে আপনারা শেখ হাসিনার দুঃশাসনের বিরুদ্ধে, লুটপাট এর বিরুদ্ধে, ক্রসফায়ারের বিরুদ্ধে, জীবনের মায়া ত্যাগ করে পুলিশের মামলাকে উপেক্ষা করে আওয়ামী লীগ নামক সন্ত্রাসীদের আতঙ্ক-ভয়কে উপেক্ষা করে সংগ্রাম চালিয়ে গিয়েছেন। আমরা চেয়েছিলাম, গতবছর জুলাই-আগস্টের যে মহান গণঅভ্যুত্থান এবং বিপ্লব সংঘটিত হয়েছে আবু সাঈদ, মুগ্ধ, ইয়ামিনসহ ছাত্রদল সংগ্রামী নেতা কর্মীসহ তারা আত্মহুতি দিয়েছে, রাজপথে রক্ত দিয়েছে, শেখ হাসিনার বেপরোয়া পুলিশ র্যাব, বিডিআরের গুলিতে ওই সংগ্রামী ছাত্র জনতা শ্রমিক কৃষক মৃত্যু বরণ করেছে, শহীদ হয়েছে আপনারা জানেন।। এই সমস্ত শহীদের রক্তের চেতনাকে ধরে রাখতে আমরা একটা নতুন ধারার বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছিলাম কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই নতুন ধারার বাংলাদেশ আবার কি করে করব? আজকে বিএনপির নামে একটি কমিটি হয়েছে সেই কমিটিতে আলালের ঘরের দুলাল কোথা থেকে টুকটাক টুকটাক করে আসছে। যেই আওয়ামী লীগ ১৬ বছর বিএনপি নেতাকর্মীর উপরে নির্যাতন চালিয়েছে মিথ্যা মামলা দিয়ে পুলিশ ডেকে নিয়ে গিয়ে বাড়িতে নিয়ে গিয়ে ধরিয়ে দিয়েছে সেই সমস্ত কুলাঙ্গারদের আজকে ওরা পুনর্বাসন করছে।”
পথসভায় আরও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তারিফ খান, ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি শহিদুল ইসলাম, সাবেক শিক্ষা

বিষয়ক সম্পাদক মাহফুজুর রহমান অশেষ, ৪ নম্বর ওয়ার্ড বিএনপি নেতা মফিজুল ইসলাম, আলিফ খান, মিজানুর রহমান মিজা, পৌর বিএনপির সাবেক সমাজসেবা সম্পাদক মনিরুল ইসলাম মনা তারিক হোসেন কালু আরও অনেকে। মিছিল ও পথসভায় মেহেরপুর পৌর বিএনপির ২,৩ ও ৪ নম্বর ওয়ার্ডের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির কাউন্সিল ৯ আগস্ট, তফসিল ঘোষণা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মেহেরপুর সদর উপজেলা শাখা ও পৌর শাখার নির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে আগামী ৯ আগস্ট কাউন্সিল অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষে নির্বাচনী তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভোকেট নজরুল ইসলামের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র বিতরণ ও বিক্রয় ৩০ জুলাই, মনোনয়নপত্র জমা ৩১ জুলাই, মনোনয়নপত্র যাচাই-বাছাই ৩১ জুলাই, প্রাথমিক খসড়া প্রার্থীতালিকা প্রকাশ ৩১ জুলাই, আপত্তি গ্রহণ ও আপিল ১ আগস্ট, আপিল শুনানি ও নিষ্পত্তি ১ আগস্ট, প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২ আগস্ট, চূড়ান্ত প্রার্থীতালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ ২ ও ৩ আগস্ট।

সম্মেলন ও ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ৯ আগস্ট ২০২৫ তারিখে মেহেরপুর সরকারি কলেজ মাঠে।
ভোটগ্রহণ শেষে সেদিনই ফলাফল ঘোষণা করা হবে।